

(৫০০৮০)

তারবার্তা : বাংলাব্যাংক
দূরলাপনী : ৭১২৬১০১-২০
ফ্যাক্স নম্বর : ৭১১৪৭০৫
Website :
www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নম্বর : ০৮/২০১১

তারিখ : ০১ চৈত্র, ১৪১৭ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০১১ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

আদমশুমারি ও গৃহ গণনা এর কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা এর ০৬/০৩/২০১১ তারিখের ৫৩.০০১.০৩১.০০.০০.০০৮-২০০৮-১২৫ নং পত্রের মাধ্যমে প্রাপ্ত পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যান বিভাগের ২৪/০২/২০১১ তারিখের ডি.ও.পত্র নং-৫২.০০৮.০১৪.০১.০১.৬২৭.২০০৭-১২৫ সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে নিম্নে হুবহু পুনঃমুদ্রণ করা হ'ল।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৫৬

সচিব
পরিসংখ্যান বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা-১২০৭

(মনোগ্রাম)

Secretary
Statistics Division
Ministry of Planning
Government of the People's Republic of
Bangladesh
Dhaka-1207

ডি.ও.পত্র নং-৫২.০০৮.০১৪.০১.০১.৬২৭.২০০৭-১২৫

তারিখ : ২৪/০২/২০১১ খ্রিঃ

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দীর্ঘ ১৪০ বছর যাবৎ আমাদের এ ভূখণ্ডে প্রতি ১০ বছর পর পর আদমশুমারি অনুষ্ঠিত হয়ে আসছে। এ ধারাবাহিকতায় আগামী ১৫ থেকে ১৯ মার্চ, ২০১১ সময়ে বাংলাদেশে পঞ্চম আদমশুমারি অনুষ্ঠিত হতে যাচ্ছে। আদমশুমারি একটি বিশাল ও গুরুত্বপূর্ণ জাতীয় কর্মকান্ড এবং শুমারি বিধি অনুযায়ী বাংলাদেশে বসবাসরত সকলকে এ শুমারিতে গণনা করা হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নিয়োগকৃত শুমারি জেলা সমন্বয়কারী, জোনাল অফিসার, সুপারভাইজার ও গণনাকারীগণ গণনা এলাকার প্রত্যেক খানায় তথ্য সংগ্রহ করতে যাবেন।

০২. এমতাবস্থায়, আদমশুমারি ও গৃহ গণনা-২০১১ এর কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের নিমিত্তে আপনার অধীনস্থ দপ্তর/অধিদপ্তরসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে-

একান্তভাবে আপনার,

(স্বাক্ষর অস্পষ্ট)
রীতি ইব্রাহিম
সচিব

জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী
সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।